

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-১১৮

আগরতলা, ১৫ এপ্রিল, ২০২৪

ড. বি আর আশ্বেদকরের ১৩৪তম জন্মজয়ন্তী
পিছিয়ে পড়া জাতির বিকাশ ও উন্নয়নে ড. বি আর
আশ্বেদকর সারা জীবন কাজ করে গেছেন : রাজ্যপাল



সারা দেশের সঙ্গে রাজ্যেও গতকাল ড. বি আর আশ্বেদকরের ১৩৪তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু এ উপলক্ষে আগরতলায় উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রাজ্যপাল উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে ড. বি আর আশ্বেদকরের মর্মর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। পরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় রাজ্যপাল বলেন, দেশের পিছিয়েপড়া জাতি ও জনজাতিদের বিকাশ এবং উন্নয়নে ড. বি আর আশ্বেদকর সারা জীবন কাজ করে গেছেন। ড. বি আর আশ্বেদকর আমাদের দেশের সংবিধান প্রণয়ন করেছেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তপশিলি জাতি কল্যাণ দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্রা, অধিকর্তা অসীম সাহা সহ অন্যান্য আধিকারিকগণ।
